দৈনিক খবর

তারিখ ... 26 SEP 1991 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৫

# মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখিল পরীক্ষার ফলপ্রকাশ

বাসস জানায় ঃ মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখিল পরীক্ষার ফলাফল গতকাল ঘোষণা করা হয়েছে। ৭ হাজার ১শ' ৯ জন ছাত্রীসহ সর্বমোট ৫৩ হাজার ৫৬ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। তার মধ্যে ৩ হাজার ৮শ' ১৮ জন ছাত্রীসহ মোট ২৯ হাজার ২শ' ৯৮ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার শতকরা ৫৫ দশমিক ২২ ভাগ। উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্যে ১ হাজার ১শ' ৯৬ জন প্রথম বিভাগ, ১১ হাজার ২শ' ৩২ জন দ্বিতীয় বিভাগ ও ১৬ হাজার ৯শ' ৭০ জন তৃতীয় বিভাগ লাভ করেছে

সম্মিলিত মেধা তালিকায় প্রথম দশজন হচ্ছে ঃ (১) মোহাম্মদ ইকবাল হোসাইন (বিজ্ঞান-৭৭৫৯৮), (২) আল-সাইদ মোহাম্মদ সলিমুল্লাহ (বিজ্ঞান-৭৭২৫৭), (৩) মোহাম্মদ রশিদুল ইসলাম (বি-৭৬৬৯০) ও মোহাম্মদ মোশাররফ হোসাইন (বি-৭৬৯৮৩), (৪) মোহাম্মদ নূরুল ইসলাম (বি-৭৭৫৯৩) ও মোহাম্মদ মনিরুজ্জামান ভূঁইয়া (বি-৭৭৬৪৩), (৫) মোহাম্মদ আতাহার উদ্দিন (বি-৭৬৯০৩), (৬) মোঃ জিসান রহমান (বি-৭৫১৩৬) ও আবু জাফর মোঃ ফখরুদ্দিন (বি-৭৭৪৫৬), (৭) মোঃ নূরুন্নবী হাওলাদার (সাধারণ-৫২), (৮) মোঃ মাসুদ আল মাহদী (সাধারণ-৪৬২৩৪), (৯) মোঃ নজরুল ইসলাম (সাধারণ-৫৩) এবং (১০) মোঃ আবদুল মুমীন (সাধারণ-৩১৬২৯)।

6